দৈনিক খবর

তারিখ ...2-8 MAY 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 4 ...

০৬

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিএ পরীক্ষার ফলপ্রকাশ

চট্টগ্রাম, ২৭শে মে (বাসস)।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আজ এ বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৮৯ সালের বিএ পাস পরীক্ষার ফলাফল ঘোষণা করেছে। পাসের হার ২৭ দশমিক ৪ ভাগ।

বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, মোট ১৭ হাজার ২শ' ৬০ জন নিয়মিত ছাত্র পরীক্ষায় অবতীর্ণ হয়। এরমধ্যে ৪ হাজার ৭শ' ২ জন কৃতকার্য হয়। কৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে ৩ জন প্রথম বিভাগ, ৫৮৯ জন দ্বিতীয় বিভাগ এবং ৪ হাজার ১শ' ৫০ জন তৃতীয় বিভাগ লাভ করে।

৪ হাজার ১শ' জন বহিরাগত প্রার্থীও পরীক্ষায় অংশ নেয়। তাদের মধ্যে ১ হাজার ৩শ' ২৭ জন পাস করে। বহিরাগতদের মধ্যে ২৫৪ জন দ্বিতীয় বিভাগ এবং ১ হাজার ৭৩ জন তৃতীয় বিভাগ পায়। পাসের হার ৩২ দশমিক ৩ ভাগ।

বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮৮ সালের কম্পার্টমেন্টাল পরীক্ষায় মোট ১ হাজার ২শ' ৮৬ জন অবতীর্ণ হয়। এর মধ্যে ৭শ' ১৯ জন পাস করেছে। পাসের হার ৫৫ দশমিক ৯ ভাগ।